স্মারক নং- বেরোবি:/রেজি:/কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি/২০২৫/১৫০৬

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

**বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।**

### ক. পদের বিবরণ:

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল: ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| ১ | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) | ০১ | ২৯,০০০-৬৩,৪১০/- (গ্রেড-৭) |
| ২ | প্রকিউরমেন্ট অফিসার (পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ) | ০১ | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) |
| ৩ | সেকশন অফিসার গ্রেড-১ (রেজিস্ট্রার দপ্তর) | ০১ | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) |
| ৪ | সেকশন অফিসার গ্রেড-১ (ট্রেজারার দপ্তর) | ০১ | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) |
| ৫ | হিসাব রক্ষক | ০১ | ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) |
| ৬ | অডিটর (অডিট সেল) | ০১ | ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) |
| ৭ | পি এ টু পরীক্ষা নিয়ন্ত্রক | ০১ | ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) |
| ৮ | ডাটা এন্ট্রি অপারেটর | ০১ | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) |
| ৯ | মেডিকেল এ্যাসিসটেন্ট | ০১ | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) |
| ১০ | সেমিনার এটেনডেন্ট (ইংরেজি বিভাগ) | ০১ | ৮,৫০০-২০,৫৭০/- (গ্রেড-১৯) |
| ১১ | ল্যাব এটেনডেন্ট | ০২ | ৮,৫০০-২০,৫৭০/- (গ্রেড-১৯) |
| ১২ | সহকারী বাবুর্চি (ঢাকা গেস্ট হাউজ) | ০১ | ৮,৫০০-২০,৫৭০/- (গ্রেড-১৯) |
| ১৩ | নিরাপত্তা প্রহরী | ০১ | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) |
| ১৪ | ক্লিনার | ০১ | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) |

### খ. আবেদনপত্র জমা:

১. i) ক্রমিক নং (১-৪) পর্যন্ত পদের জন্য আগ্রহী প্রার্থীগণকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে (www.brur.ac.bd) বিজ্ঞাপিত পদের শর্তাবলী ও আবেদন ফরম সংগ্রহপূর্বক আবেদন করতে হবে। ii) ক্রমিক নং (৫-১৪) পর্যন্ত পদের জন্য আগ্রহী প্রার্থীগণকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে (www.brur.ac.bd) বিজ্ঞাপিত পদের শর্তাবলী সংগ্রহপূর্বক সাদা কাগজে স্বহস্তে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকান (চ) জন্ম তারিখ (ছ) আবেদনের শেষ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাশের সন, বিভাগ উল্লেখসহ) (ট) অভিজ্ঞতা (ঠ) নিজ জেলা (ড) বিশেষ কোটাভূক্ত কিনা (প্রযোজ্য ক্ষেত্রে) (ঢ) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নাম্বার, ব্যাংকের নাম, টাকার পরিমাণ, তারিখ (ণ) জাতীয় পরিচয়পত্রের নম্বর এবং (ত) প্রার্থীর মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদন করতে হবে।
iii) রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় সরাসরি অথবা ডাকযোগে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর বরাবর রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারী ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০ পর্যন্ত বিজ্ঞাপিত পদের আবেদন ফরম জমা দেওয়া যাবে।

২. ক্রমিক নং (১-৪) পর্যন্ত পদের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে (রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত) প্রতিটি পদের জন্য ০৭ (সাত) সেট আবেদন ফরম জমা দিতে হবে। ক্রমিক নং (৫-১৪) পর্যন্ত পদের জন্য স্বহস্তে লিখিত ০৪(চার) সেট আবেদন জমা দিতে হবে।

৩. আবেদন ফরমের সাথে রেজিস্ট্রার বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় রংপুর-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে ক্রমিক নং (১-৪) পদের জন্য ২০০/- (দুই শত), ক্রমিক নং (৫-৭) পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা, ক্রমিক নং- (৮-৯) পদের জন্য ১০০/-(একশত) টাকা এবং ক্রমিক নং (১০-১৪) পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা এবং অনগ্রসর নাগরিক (সকল গ্রেডের জন্য) ৫০/-(পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা(যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণির কর্মকর্তার নামাংকিত সিল দ্বারা সত্যায়িত) (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদনের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

৪. আবদেনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে; অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণ যোগ্য হবেনা।

৫. প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ৭/-(সাত) টাকার ডাকটিকিট যুক্ত ২৪X১১সে: মি: /১০×৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬. ক্রমিক নং ২ হতে ক্রমিক নং ১৪ পর্যন্ত পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষার মাধ্যমে শর্টলিস্ট প্রস্তুত করে নিয়োগ বাছাই বোর্ডে সাক্ষাৎকারের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৭. বিধি মোতবেক সকল কোটা অনুসরণ করা হবে।

৮. চাকুরিরত প্রার্থীদের (খন্ডকালীন চাকরি ব্যতীত) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯. বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে।

১০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদন ফরমের সাথে দাখিলকৃত কোন কাজগপত্র ফেরত প্রদান করা হবে না।

১২. আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়ার শেষ তারিখ ঃ ১৯ জুন ২০২৫ খ্রিঃ, বিকাল ৪:০০ টা। উল্লিখিত তারিখের পর ডাকযোগে বা হাতে হাতে কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না কিংবা নতুন কোন ডকুমেন্ট বা তথ্যাদি সংযোজন করা যাবে না। উল্লেখ্য পি.এ টু পরীক্ষা নিয়ন্ত্রক(স্মারক নং- বেরোবি:/রেজি:/কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি/২০২১/১২৭১, তারিখ: ২৭-০৯-২০২১), ডাটা এন্ট্রি অপারেটর ও ক্লিনার পদে(বেরোবি:/রেজি:/কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি/২০২১/৬১১, তারিখ: ০৭-০৪-২০২১) যে সকল প্রার্থী পূর্বে আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

১৩. ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৪. কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পন্থা অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যে কোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা(চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-
**ড. মোঃ হারুন-অর রশিদ**
রেজিস্ট্রার
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।